# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন,
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা,
ঢাকা-১০০০।
ক্রেডিট বিভাগ

মুজিব বর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

সূত্র নং-প্রকা/ক্রেঃবিঃ/শাখা-১/৭(৩৩)/২০২১-২০২২/৯৭১(১২৫০) তারিখঃ ০২/১২/২০২১

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয়ঃ কোভিড-১৯ মহামারির কারণে সৃষ্ট আর্থিক সংকট মোকাবেলায় কৃষি খাতের জন্য ৩,০০০ (তিন হাজার) কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কিম এর আওতায় লক্ষ্যমাত্রার বিপরীতে আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জনের অগ্রগতি প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের কৃষি ঋণ বিভাগের এসিডি সার্কুলার নং-০২, তারিখ ১৪ সেপ্টেম্বর ২০২১ এর আওতায় ঋণ বিতরণ এর লক্ষ্যমাত্রা নির্ধারণ পূর্বক করণীয় সম্পর্কিত দিক নির্দেশনা দিয়ে মাঠ পর্যায়ে পত্র জারী করা হয়েছে। এসিডি সার্কুলার নং-০২, তারিখ ১৪ সেপ্টেম্বর, ২০২১ এর আওতায় ৩০ জুন, ২০২২ তারিখ মেয়াদে ঋণ বিতরণের কার্যক্রম সম্পন্ন করার জন্য নির্দেশনা রয়েছে। ইতোমধ্যে নির্ধারিত সময়ের অর্থাৎ ২০২১-২০২২ অর্থবছরের ০৫ (পাঁচ) মাস অতিক্রান্ত হলেও এসিডি সার্কুলার নং-০২, তারিখ ১৪ সেপ্টেম্বর, ২০২১ এর আওতায় ঋণ বিতরণের আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি। ৩০/১১/২০২১ তারিখ ভিত্তিক বিভাগওয়ারী এসিডি সার্কুলার নং-০২, তারিখ ১৪ সেপ্টেম্বর, ২০২১ এর আওতায় ঋণ বিতরণ পরিস্থিতি নিম্নরূপঃ

(কোটি টাকায়)

| ক্রঃ নং | বিভাগের নাম | ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা | অর্জন | অর্জনের শতকরা হার (%) |
|---|---|---|---|---|
| ১ | ঢাকা | ২৩৫.০০ | ২০.২৫ | ৮.৬২% |
| ২ | ময়মনসিংহ | ২৫০.০০ | ১৫.৪৯ | ৬.১৯% |
| ৩ | চট্টগ্রাম | ৮০.০০ | ৯.৬০ | ১২.০০% |
| ৪ | খুলনা | ২৩০.০০ | ২৫.৮৯ | ১১.২৬% |
| ৫ | বরিশাল | ১১৫.০০ | ১৫.২৩ | ১৩.২৫% |
| ৬ | সিলেট | ৫৫.০০ | ৫.০১ | ৯.১২% |
| ৭ | কুমিল্লা | ১২০.০০ | ১২.৫৬ | ১০.৪৭% |
| ৮ | ফরিদপুর | ৯০.০০ | ৫.৩৩ | ৫.৯২% |
| ৯ | কুষ্টিয়া | ১১০.০০ | ১০.৩৪ | ৯.৪০% |
| ১০ | এলপিও | ৫.০০ | ০.০০ | ০% |
| মোটঃ | | ১২৯০.০০ | ১১৯.৭০ | ৯.২৮% |

চলমান পাতা-০২

**বিষয়ঃ কোভিড-১৯ মহামারির কারণে সৃষ্ট আর্থিক সংকট মোকাবেলায় কৃষি খাতের জন্য ৩,০০০ (তিন হাজার) কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কিম এর আওতায় লক্ষ্যমাত্রার বিপরীতে আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জনের অগ্রগতি প্রসঙ্গে।**

০৩। উপরোক্ত সারণী পর্যালোচনায় দেখা যায় কোন বিভাগই এসিডি সার্কুলার নং-০২, তারিখ ১৪ সেপ্টেম্বর, ২০২১ এর আওতায় ঋণ বিতরণের আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জন করতে সক্ষম হয়নি। বর্ণিত সময়ে অর্থাৎ ৩০/১১/২০২১ তারিখ পর্যন্ত লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জিত হয়েছে ৯.২৮%। ঋণ বিতরণের আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জনে অধিকতর তৎপর হওয়ার বিষয়ে শাখাসমূহকে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

০৪। এমতাবস্থায়, অত্র ব্যাংক কর্তৃক জারীকৃত সার্কুলার লেটার নং-৪৬৬(১২৫০) ও ৬৭৮(১২৫০) তারিখ যথাক্রমে ১৫/০৯/২০২১ ও ১৩/১০/২০২১ এ বর্ণিত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ পূর্বক আগামী ৩১ ডিসেম্বর, ২০২১ তারিখের মধ্যে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রার ৫০% অর্জনের জন্য শাখা ও অঞ্চলকে দৈনিক ভিত্তিতে লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন তদারকি জোরদার ও কার্যকর ব্যবস্থা গ্রহণ সহ বিভাগী কার্যালয় ওয়ারী যথাযথ পদক্ষেপ গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থতার দায়ভার সংশ্লিষ্টদের বহন করতে হবে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

০২/১২/২০২১

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক
ফোনঃ ০২২২৩৩৫৮৬৮১

নং-প্রকা/ক্রেঃবিঃ/শাখা-১/৭(৩৩)/২০২১-২০২২/৯৭১(১২৫০) তারিখঃ ০২/১২/২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

02/12/2021
(মুহাম্মদ মোশাররফ হোসেন )
সহকারী মহাব্যবস্থাপক